


# কালের কণ্ঠ

আপডেট : ২২ ডিসেম্বর, ২০২২ ২৩:০৮

## হার-না-মানা তামান্না ভর্তি হলেন যবিপ্রবিতে



### তামান্না আক্তার

জন্ম থেকেই দুই হাত ও ডান পা নেই তামান্না আক্তার নুরার। শারীরিক প্রতিবন্ধকতাকে অতিক্রম করে প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (যবিপ্রবি) স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হলেন তিনি। গত বুধবার তিনি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে ভর্তি হয়েছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

তামান্না যশোরের ঝিকরগাছা উপজেলার আলীপুর গ্রামের রওশন আলী ও খাদিজা পারভীন শিল্পীর মেয়ে। তিন ভাই-বোনের মধ্যে তিনি সবার বড়। শারীরিক প্রতিবন্ধকতা তাঁর সাফল্যের পথে কখনো বাধা হতে পারেনি। বাঁ পা দিয়ে লিখেই তিনি পিইসি, জেএসসি, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫ অর্জন করেন। এর পর তিনি ভর্তি পরীক্ষায় অংশ নিয়ে যবিপ্রবিতে ভর্তি হন।

তামান্না আক্তার নুরা বলেন, ‘আমি যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাইক্রোবায়োলজি বিষয়ে পড়তে চেয়েছিলাম। কিন্তু আমার শারীরিক অবস্থা বিবেচনা করে উপাচার্য স্যারের পরামর্শে ইংরেজি বিভাগে ভর্তি হই। আমি যখন নবম শ্রেণিতে ছিলাম, তখন থেকেই উপাচার্য স্যার সব ধরনের সাহায্য-সহযোগিতার মাধ্যমে আমার পাশে ছিলেন এবং সব সময় উৎসাহ জুগিয়েছেন।’

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. আনোয়ার হোসেন বলেন, ‘অণুজীব বিজ্ঞানে পড়তে হলে যথাযথ সতর্কতা মেনে প্রতিনিয়ত গবেষণাগারে কাজ করতে হয়। এটি তামান্নার জন্য কষ্টসাধ্য। আর অণুজীব বিজ্ঞানে হাতে-কলমে ব্যবহারিক কাজ না করলে এ বিষয়ের কিছুই বোঝা যায় না। এ জন্য তার শারীরিক বিষয়টি বিবেচনা করে তাকে ইংরেজি বিভাগে পড়ার পরামর্শ দেওয়া হয়। মেধাবী শিক্ষার্থী হওয়ায় তামান্না ইংরেজি বিভাগে পড়লেও খুব ভালো করবে বলে আশা করি।’

তিনি বলেন, ‘হলে পড়াশোনা চালিয়ে যেতে যেন কোনো সমস্যা না হয় এটি বিবেচনায় রেখে তামান্নার জন্য নবনির্মিত বীরপ্রতীক তারামন বিবি হলে বিদেশি ও পিএইচডি শিক্ষার্থীদের জন্য বরাদ্দকৃত অধিক সুযোগ-সুবিধা সম্পন্ন কক্ষ বরাদ্দ দেওয়া হবে।’

Print

**প্রধান সম্পাদক : ইমদাদুল হক মিলন;** সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,  
ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ,  
ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯  
ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয়  
বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।  
বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।  
পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন :  
৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com